

## বিস্ময়

### মুকুল বসু

যতদিন আছ তুমি আশেপাশে  
ছায়া কিংবা মায়া হয়ে;  
শরীরী বা অশরীরী পটে  
যমুনায় ন্নান শেষে বিপন্ন শ্রীমতী হয়ে—  
ততদিন অবশ্যই মণিকর্ণিকা ঘাটে,  
সাঁতার কাটে ঋষিদের কাঞ্চনজঙ্ঘা ত্রৈলোক্যস্বামী,  
তুমুল বর্ষণ হয় থর মরুভূমে,  
সবুজে বসন্ত নামে আইসল্যান্ড জুড়ে।

বিস্ময়! বড়ো শিশুর চোখ-বিস্ময়।  
রোহিণী-শরীর জ্বলে, কুন্দনন্দিনী বিষ খায়।  
কিরণময়ী দিবাকরকে নিয়ে সুদূরে পালায়।  
গৃহদাহ ছাই রাখে অচলা-সুরেশে।  
'শেষরাত্রি'-র দু-জনে মিলায় অনন্ত বিরহে।  
মিলনেও সুখ নাই জেনে ওকাম্পারা লেখে,  
বেদনার সুরই মানুষেরা নেয় সারারাত জেগে....  
লালটিপ রাঙাঠোঁট বিবর্ণ হয় রজনী প্রভাতে।

আর তখনই কোনো ভোরের পাখি—  
আকাশ থেকে যেন দৈববাণীর মতো,  
কাকলি ভাসিয়ে বলে ওঠে,—  
তোমার আমার মাঝে 'গ্রেট বেনিয়ার রিয়ং'।